

ALL BENGAL UNIVERSITY TEACHERS' ASSOCIATION (ABUTA)

প্রেস বিজ্ঞপ্তি, ১৯ এপ্রিল ২০২১

বিষয়: কোভিড জনিত উদ্বেগজনক অতিমারি পরিস্থিতিতে পরিস্থিতিতে নির্বাচন পরিচালনা সম্পর্কে

মাননীয়,
বার্তা সম্পাদক/মুখ্য প্রতিবেদক/প্রতিবেদক

আজ আবুটার পক্ষ থেকে উক্ত বিষয়ে পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচনী আধিকারিককে একটি স্মারকলিপি পাঠানো হয়েছে। আবুটার দাবি-


১) গোটা দেশের সংগে এই রাজ্যে করোনা পরিস্থিতি ভয়াবহ আকার ধারণ করেছে। আজ এ-রাজ্যে আক্রান্তের সংখ্যা ৮ হাজার অতিক্রম করেছে। ইতিমধ্যে দুজন প্রার্থীও কোভিড আক্রান্ত হয়ে মারা গেছেন। আরও বেশ কয়েকজন এখন কোভিড আক্রান্ত।

২) আপনি নিশ্চয়ই একমত হবেন, এর অন্যতম কারণ নির্বাচনে প্রতিদ্বন্দ্বি মূলধারার রাজনৈতিক দলগুলি মিছিল-মিটিং-এ জনসমাবেশ করছে, এবং জনসাধারণ কোভিড বিধি তোয়াক্কা না করে তাতে অংশগ্রহণ করছে।

৩) চিকিৎসকরা এর সম্পূর্ণ বিরোধিতা করছেন এবং আশঙ্কা প্রকাশ করছেন, এমন পরিস্থিতি তৈরি হয়েছে যাতে খুব শীঘ্রই হাসপাতালগুলিতে মরণাপন্ন রোগীর জন্যও শয্যা মিলবে না। আমরা মনে করি, নির্বাচনের তুলনায় ভোটকর্মী, ভোটদাতা সহ রাজ্যের সাধারণ মানুষের জীবনের মূল্য অনেক বেশি।

৫) এই পরিস্থিতিতে আমাদের দাবি, (ক) মিটিং-রোডশো ভিত্তিক জনসমাবেশ বন্ধ করা হোক, (খ) বাকি ৩ দফা নির্বাচনকে সংক্ষিপ্ত করে এক দফায় তা সম্পন্ন করা হোক, এবং (গ) নির্বাচন কমিশন ভোটের দিন নির্বাচক, নির্বাচন কর্মী সমেত সকলের সুরক্ষার জন্য যথাযথ ব্যবস্থা নিক।

ধন্যবাদান্তে,



(অধ্যাপক গৌতম মাইতি)
সাধারণ সম্পাদক, আবুটা